ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের নবনির্মিত ভবনের উদ্বোধন

৮৫ লাখ টাকা ব্যায়ে ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের নবনির্মিত ভবনের উদ্বোধন করা হয়েছে। শনিবার খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি প্রধান অতিথি হিসেবে এই নতুন ভবনের উদ্বোধন করেন।

এ সময় ঝিনাইদহের ডিসি মোঃ মজিবর রহমান, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সালমা সেলিম, ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর সুষেন্দু কুমার ভৌমিক ও বিশিষ্ট ব্যবসায়ী এস এম বিল্লাহ রিন্টু উপস্থিত ছিলেন।

খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি ভবন উদ্বোধনী উপলক্ষ্যে আয়োজিত এক সুধী সমাবেশে বলেন, বর্তমান সরকার শিক্ষার মানোন্নয়নে প্রয়োজনীয় সম্ভব সব কিছু করবে।

শিক্ষা ছাড়া জাতির কোন মুল্য নেই। ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, তোমরা আগামী দিনের ভবিষ্যাত। জাতি ও রাষ্ট্র গঠনে তোমাদের মেধা সম্পন্ন জ্ঞান অর্জন করতে হবে।

স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর সুষেন্দু কুমার ভৌমিক বলেন, প্রাথমিক ভাবে ৮৫ লাখ টাকা ব্যায়ে ৬ তালা বিশিষ্ট একাডেমিক ভবনের কাজ শেষ হয়েছে। পরবর্তীতে আরো এক কোটি ৪৩ লাখ টাকার টেন্ডার হয়েছে। তিনি বলেন পর্যায়ক্রমে প্রতিষ্ঠানটি ৬ তলায় রুপান্তরিত হলে শিক্ষার্থীরা পড়ালেখার জন্য আরো উন্নত পরিবেশ ফিরে পাবে।

মেহেরপুরে ডিফেন্স এক্স সোলজারস ওয়েলফেয়ার এসোসিয়েশনের তৃতীয় সম্মেলন অনুষ্ঠিত

ডিফেন্স এক্স সোলজারস ওয়েলফেয়ার এসোসিয়েশন (ডেসওয়া) ট্রাস্ট মেহেরপুর ও কুষ্টিয়া জেলা তৃতীয় সম্মেলন-২০২১ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১০ টায় গাংনী উপজেলার গাড়াডোব হঠাৎ পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সার্জেন্ট মোঃ রফিজউদ্দীন (অব:) এর সভাপতিতে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, অনারারী ক্যাপ্টেন মো: মিজানুর রহমান (ডেসওয়া) ট্রাস্ট, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ আব্দুল মালেক গভর্নর খুলনা বিভাগ, মাস্টার ওয়ারেন্ট অফিসার মোঃ শফিকুল ইসলাম মহাসচিব (ডেসওয়া)।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, ভেড়ামারা উপজেলা শাখা অফিসের সভাপতি সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ আব্দুস সামাদ, মুজিবনগর উপজেলা সভাপতি মোছা: হাছিনা বেগম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, মেহেরপুর ও কুষ্টিয়া জেলা অফিসের সাধারণ সম্পাদক লাঞ্চ নায়েক (অব:) শাহাদৎ হোসেন, এর আগে অতিথিবৃন্দদের ব্যাচ পরিয়ে স্বাগত জানানো হয়।

গাংনীতে অটো মালিক ও চালক সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন

সম্পন্ন

মেহেরপুরের গাংনীতে অটো টেম্পু মালিক ও চালক সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন শুক্রবার সম্পন্ন হয়েছে। নির্বাচনে মাহবুবুর রহমান স্বপন সভাপতি ও আলমগীর হোসেনকে সাধারণ সম্পাদক করে ১৩ সদস্য বিশিষ্ঠ কার্যকর কমিটি গঠন করা হয়েছে।

শুক্রবার বিকেলে উপজেলার চিতলা পাট বীজ খামার প্রাঙ্গণে সকল সদস্যদের উপস্থিতিতে ১৩ সদস্য বিশিষ্ট এ কমিটি ঘোষণা করা হয়। নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দকে এলাকার বিভিন্ন সংগঠন ও রাজনৈতিক নেতৃবৃন্দ অভিনন্দন জানিয়েছেন।

চুয়াডাঙ্গায় গোপীনাথপুর হোসেন শাহ্ দরবারের ২১ তম ঔরস আসর অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সদর উপজেলায় গোপীনাথপুর গ্রামের ঐতিহাসিক হোসেন শাহ্ দরবারের ২১ তম ঔরস আসর অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল থেকে দিনব্যাপী ঔরস শরিফে বিভিন্ন জেলা থেকে আগত ভক্ত ও অনুসারীরা উপস্থিত হয়।

হোসেন শাহ্ ঔরস শরিফের সভাপতি ও পদ্মবিলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি খাজা শাহাবুদ্দিনের সভাপতিত্বে ২১ তম ঔরস শরিফ অনুষ্ঠিত হয়। এ সময় তিনি বলেন হোসেন শাহ্ স্মরণে প্রতিবছর প্রহেলা অক্টোবর এই ঔরস শরিফ অনুষ্ঠিত হয় ।

ঔরস শরিফে আরও উপস্থিত ছিলেন, হোসেন শাহ্ ঔরস শরিফের সাধারণ সম্পাদক মোঃ হাসতম আলী, পদ্মবিলা ইউনিয়নের ৯ নং ওয়ার্ড এর সদস্য ও আগামী ইউনিয়ন পরিষদের নির্বাচনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আলম আলী, ৪,৫ ও ৬ নং ওয়ার্ডের সদস্য চায়না খাতুন, রবগুল হোসেন, বায়জিদ হোসেন,ইদ্রিস আলী ও আমান আলী সহ বিভিন্ন স্থান থেকে আগত

ভক্তবৃন্দ।

নৌকা বাইচ আবহামান বাংলার একটি ঐতিহ্যবাহী খেলা

প্রতি বছরের মতো এবারো মাথাভাঙ্গা নদীতে নৌকাবাইচ প্রতিযোগিতা হয়েছে। প্রতিযোগিদের মধ্যে বিতরণ করা হয়েছে পুরস্কার। প্রতিযোগিতার উদ্বোধন ও পুরস্কার বিতরণ করেছেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

শুক্রবার বিকালে দামুড়হুদার পারকৃষ্ণপুর গ্রামবাসীর আয়োজনে ঐতিহ্যবাহি নৌকা বাইচ প্রতিযোগিতায় ৬ টি দল অংশ নেয়। এ প্রতিযোগিতা উপভোগ করতে নদীর তীর ও মাথাভাঙ্গা ব্রীজের উপরে ছিলো হাজারো মানুষের উপচে পড়া ভীড়।

বিকাল সাড়ে ৪ টার দিকে মাথাভাঙ্গা নদীর পারকৃষ্ণপুর ভিমখালী ঘাট থেকে মেমনগর ব্রীজঘাট পর্যন্ত প্রায় ১ কিলোমিটার নদীপথে নৌকা বাইচ প্রতিযোগিতায় অংশ নেয়, পারকৃষ্ণপুরের কৃষ্ণ, রবি, বৈদ্যনাথ, সুকুমার, সুবল ও ভবেসের দল।

৬ টি দলের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে কৃষ্ণ ও তার দল, ২য় হয়েছে রবি ও তার দল ও ৩য় হয়েছেন বৈদ্যনাথ ও তার দল।

মেমনগর ব্রীজ সংলগ্ন পার্ক মঞ্চে অনুষ্ঠিত আলোচনাসভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন, নৌকা বাইচ আবহমান বাংলার একটি ঐতিহ্যবাহি খেলা। নদী মাতৃক বাংলাদেশে নৌকা বাইচ খেলাটি অত্তান্ত জনপ্রিয়। হাজারো মানুষের ঢল তা আবারো প্রমান করলো। যারা প্রতি বছর এ ঐতিহ্যবাহি নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন করে থাকে তারা অবশ্যই প্রসাংশার দাবীদার।

এ ধরণের সুস্থ বিনোদন আপামর জনতার চিত্তকে উৎফুল্ল করে। বিশেষ অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর

রহমান মঞ্জু, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা।

হাজি আইয়ুব আলী রাজুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নৌকা বাইচ প্রতিযোগীতা কমিটির আহ্বায়ক জিয়াউল হক, আহসান হাবীব, সোহরাব হোসেন, খায়র“ল বাসার, আ.আলীম, আলী আহম্মদ, নজর“ল ইসলাম, ফয়সাল প্রমুখ। উপস্থাপনা করেন সাংবাদিক হানিফ মন্ডল। রাত ৮ টায় মনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে বাউল গান গেয়ে দর্শক মাতান ধীরু বাউল ও তার দল।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪২৮তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে শারীরিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাপ্তাহিক সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়েছে।

১৪২৮তম এই আসরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্ব অনুষ্ঠানের শুরুতে দিক নির্দেশনামূলক বক্তব্য দেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অন্যতম উপদেষ্টা এইচ. আলী বিশ্বাস (এ্যালবার্ড)।

কাজল মাহমুদের সঞ্চালনায় স্বরচিত লেখা পাঠ করেন নাট্যজন ও গল্পকার মো. আলাউদ্দীন, ইব্রাহিম খলিল, জিল্লুর রহমান রুবেল, হারুন-অর রশিদ, আশিকুজ্জামান আসাদ, ডা. তোফাজ্জেল হোসেন, হোসেন জাকির, আনছার আলী ও সুমন ইকবাল।

চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন আশিকুজ্জামান আসাদ। পঠিত লেখার উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অন্যতম উপদেষ্টা এইচ. আলী বিশ্বাস (এ্যালবার্ড), মো. আলাউদ্দীন ও কাজল মাহমুদ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল উপস্থিত

সকলকে অভিনন্দন জানিয়ে অনুষ্ঠান শেষ করেন। লেখিয়ে বন্ধু ও সাহিত্যানুরাগী ছাড়াও যে-কেউ প্রতি শুক্রবার বিকালে অনুষ্ঠেয় এই সাহিত্য আসরে অংশগ্রহণ করতে পারেন বলে জানিয়েছেন তিনি।

দামুড়হুদায় আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন

দামুড়হুদা দর্শনা প্রবীন কমিটির আয়োজনে আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপিত হয়েছে। শুক্রবার দর্শনা প্রবিন কমিটির সভাপতি ফজলুর রহমানের সভাপতিত্বে আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার।

এসময় তিনি বলেন প্রবীনরা বটবৃক্ষের ছায়ার মতো জীবন সায়াহ্নে এসেও সন্তানদের ভালোবাসার মায়ায় জড়িয়ে থাকেন এই সব প্রিয় মুখগুলো। মহান আল্লাহ রাব্বুল আলামিন তাদের নেক হায়াত দান করুন। আসুন সবাই যত্নবান হই নিজ নিজ পিতা- মাতার প্রতি।

ঝিনাইদহ জেলা প্রশাসনের আয়োজনে অনলাইন প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ

ঝিনাইদহ জেলা শিল্পকলা একাডেমিতে শুক্রবার বিকালে ঝিনাইদহ জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত হয় মেধাবী ঝিনাইদহ নামক অনলাইন প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও ক্যারিয়ার প্লানিং বিষয়ক আলোচনা সভা-২০২১।

জেলা প্রশাসক মো মজিবর রহমানের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় কমিশনার মো ইসমাইল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মো মুনতাসিরুল ইসলাম, ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, সরকারি কেসি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড বিএম রেজাউল করিম।

মেধাবী ঝিনাইদহ অনলাইন প্রতিযোগিতার বিষয় গুলো ছিলো কবিতা আবৃত্তি প্রতিযোগিতা, বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক কুইজ প্রতিযোগিতা এবং সংগীত প্রতিযোগিতা। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ী প্রতিযোগি শিক্ষার্থীদের পুরষ্কার বিতরণ পর অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা হয়।

মেহেরপুরে তরুণদের মাঝে চেয়ারম্যান পদপ্রার্থী জাহিদ হাসানের ফুটবল বিতরণ

মেহেরপুর সদর উপজেলার ২নং বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ জাহিদ হাসান বুড়িপোতা ইউনিয়নের বাড়িবাঁকা গ্রামের ফুটবলপ্রেমী তরুণদের খেলাধুলার জন্য ১০টি ফুটবল বিতরণ করেছেন।

শুক্রবার সন্ধ্যার দিকে বুড়িপোতা ইউনিয়নের বাড়িবাঁকা গ্রামে জাহিদ হাসানের নিজ নির্বাচনী কার্যালয়ে নিজ অর্থায়নে এসকল ফুটবল বিতরন করেন।

এসময় মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সাবেক ছাত্রলীগ সভাপতি ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ছাত্রলীগ নেতা আসন্ন ২ নং বুড়িপোতা ইউনিয়ন নির্বাচনের চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ জাহিদ হাসান নিজ হাতে এসকল ফুটবল বিতরণ করেন। এছাড়াও সেখানে অত্র এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

তরুণদের ফুটবল বিতরণকালে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ জাহিদ হাসান বলেন, খেলাধুলার মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে এগিয়ে নিতে হবে। খেলোধুলা করলে তরুণরা বিপথে পরিচালিত হয়না। মাদক থেকে দূরে থাকতে খেলাধুলার বিকল্প নাই। তাই লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা চালিয়ে যেতে হবে। এসময় ফুটবল পেয়ে তরুণরা অনন্দ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ঝিনাইদহে নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকমের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে ঝিনাইদহে নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকমের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। শুক্রবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়।ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর থানর ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা।

এসময় অতিথি ছিলেন ভাষা সৈনিক নন্দ দুলাল সাহা, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু,দৈনিক ইত্তেফাক পত্রিকার ভ্রাম্যমাণ প্রতিনিধি বিমল কুমার সাহা,কালেকন্ঠ পত্রিকার ঝিনাইদহ প্রতিনিধি এম সাইফুল মাবুদ,ইনকিলাব পত্রিকার ঝিনাইদহ প্রতিনিধি মোস্তফা মাজেদ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ও এস এ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকমের ঝিনাইদহ প্রতিনিধি সোহাগ আলী।

এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, নিউজবাংলা অনলাইন পত্রিকাটি আমি শুরু থেকে দেখে আসছি তারা বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশ করছে।যাত্রার শুরু থেকেই নিউজ বাংলা সংবাদপত্র ও সাংবাদিকতার মুল

ধারাকে সামনে রেখে সংবাদ পরিবেশন করছে।আগামী দিনে এই ধারাবাহিকতা বজায় রেখে দেশের সার্বিক উন্নয়ন দেশ তথা বিশ্ববাসীর সামনে তুলে ধরুক এই কামনা করি।আমি এই নিউজপোর্টালের উত্তোরত্তোর সফলতা কামনা করছি।

অনুষ্ঠানের সভাপতি ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান বলেন,দেশ ও দেশের মানুষের কথা বলা এই অনলাইন পত্রিকাটি জেলার অনিয়ম, দুর্নীতি, দুর্ভোগ, উন্নয়ন,সম্ভাবনার সংবাদ তুলে ধরবে এই কামনা করি। সামনের দিনগুলোতে তারা আরও ভালো সংবাদ পরিবেশন করবেন এমনটি আশা করি সংশ্লিষ্টদের কাছে। অনুষ্ঠানের আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ কেক কেটে নিউজবাংলা টোয়েন্টিফোর ডটকমের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেন।